গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা

টেলিযোগাযোগ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত "নৈতিকতা কমিটি"র ২৪ ডিসেম্বর ২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মহসিনুল আলম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৪.১২.২০২০ খ্রি: । |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা । |
| স্থান | কক্ষ নম্বর ৩০১ । |
| উপস্থিতি | উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা স্বাক্ষরের ক্রমানুসারে পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত হলো । |

সভাপতি সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অত:পর কার্যপত্র মোতাবেক আলোচনা করা হয় ।

( ১ ) টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর ২টি ক্রমিকের কার্যক্রম পরিবর্তন করা সংক্রান্ত :

সভায় জানানো হয় যে , ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্মারক : ১৪.০০.০০০০.০০০.০৬.০০১.২০.১০৩২ , তারিখ : ০৬.১০.২০২০ খ্রি: এর ৪নং ক্রমিকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যৌক্তিক কারণে সংশোধনের প্রয়োজন হলে স্ব-স্ব কার্যালয়ের নৈতিকতা কমিটির অনুমোদন ক্রমে ৩১ ডিসেম্বর ২০২০ খ্রি: তারিখের মধ্যে সংশোধন করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে অবহিত করার নির্দেশনা রয়েছে । তারই আলোকে টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর নিম্নোক্ত ২টি ক্রমিকে বর্ণিত কার্যক্রম সংশোধন করার প্রস্তাবনা পেশ করা হয় –

(ক) ক্রমিক # ৯.২ এ বর্ণিত " ইন্টারনেটের অনৈতিক ব্যবহার রোধকল্পে আইআইজি কর্তৃক ব্যবহৃত ব্যান্ডউইথ মনিটরিং " বিষয়টি ডিওটির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ ) ২০২০-২১ এ অন্তর্ভূক্ত এবং তা ডিওটির রুটিন কার্যক্রম হিসেবে উল্লেখ করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের শুদ্ধাচার ফোকাল কর্মকর্তাদের আপত্তি উত্থাপন করায় তা পরিবর্তন করে " ডিওটির বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রকাশ " দ্বারা প্রতিস্থাপিত হবে ।

(খ ) ক্রমিক # ১১.১ এ বর্ণিত " শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ " বিষয়ে ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা ৪ (চার) লক্ষ টাকা উল্লেখ রয়েছে । ডিওটির ২০২০-২১ অর্থ-বছরে শুদ্ধাচার খাতে ২ (দুই) লক্ষ বরাদ্দ প্রদান করায় বরাদ্দকৃত অর্থ ৪ লক্ষ টাকার পরিবর্তে ২ লক্ষ টাকা দ্বারা প্রতিস্থাপিত হবে ।

(২) ই-জিপির মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণ :

সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থ-বছরের ১ম কোয়ার্টারে টেলিযোগাযোগ অধিদপ্তরে ই-জিপির মাধ্যমে কোনো ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়নি । পরিচালক প্রশাসন সভায় উল্লেখ করেন যে , ২০২০-২১ অর্থ-বছরের ১ম কোয়ার্টারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে কোনো ক্রয় কার্যক্রম গ্রহণ করা হয় নি বিধায় কোনো ই-জিপি পদ্ধতি গ্রহণ করা হয় নি । বর্তমানে ইউনিফরম ও স্টেশনারি সংগ্রহের জন্য দুইটি ক্রয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং তা ই-জিপির মাধ্যমে সম্পন্ন করা হবে ।

সিদ্ধান্ত : টেলিযোগাযোগ অধিদপ্তরের ক্রয় প্রক্রিয়ায় ই-জিপিকে অগ্রাধিকার প্রদান করা হবে ।

বাস্তবায়ন : অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ ), পরিচালক (প্রশাসন) ।

( ৩ ) Digital Transformation Strategy (DTS) প্রণয়ন সংক্রান্ত :

সভায় ডিওটির শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর ক্রমিক # ৩.২ এ বর্ণিত “ Formulation of comprehensive Digital Transformation Strategy (DTS) for Bangladesh ” বিষয়ে আলোচনা করা হয় । সভায় অবহিত করা হয় যে , ৩ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত ডিওটির ডিসেম্বর ২০২০ মাসের সমন্বয় সভায় বিষয়টি আলোচনা করা হয়েছে এবং আগামী ২ মাসের মধ্যে উক্ত কৌশলপত্রের একটি খসড়া উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে ।

<u>সিদ্ধান্ত</u> : ৩১ জানুয়ারি ২০২১ খ্রি: এর মধ্যে Digital Transformation Strategy (DTS) এর ১টি খসড়া প্রণয়ন করা হবে ।

<u>বাস্তবায়ন</u> : অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি ) , উপপরিচালক (আইটিইউ) ।

(৪ ) <u>টেলিযোগাযোগ সেবা সংক্রান্ত সমীক্ষা পরিচালনা সংক্রান্ত :</u>

সভায় ডিওটির শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর ক্রমিক # ৯.৫ এ বর্ণিত “ সরকারি ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনাপূর্বক ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রতিবেদন প্রেরণ ” বিষয়ে আলোচনা করা হয় । সভায় অবহিত করা হয় যে , ৩ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত ডিওটির ডিসেম্বর ২০২০ মাসের সমন্বয় সভায় বিষয়টি আলোচনা করা হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) এর নেতৃত্বে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় ।

<u>সিদ্ধান্ত</u> : টেলিযোগাযোগ সেবা সংক্রান্ত সমীক্ষা পরিচালনা কমিটি যথাশীঘ্র সম্ভব প্রয়োজনীয় কার্যক্রম আরম্ভ করবে ।

<u>বাস্তবায়ন</u> : অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি ) , উপপরিচালক (প্রশাসন ) ।

(৫) <u>২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ২য় কোয়ার্টার ( অক্টোবর ২০২০ - ডিসেম্বর ২০২০ ) প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ প্রসংগে :</u>

সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরে ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ২য় কোয়ার্টার ( অক্টোবর ২০২০ - ডিসেম্বর ২০২০ ) বাস্তবায়ন সম্পর্কে আলোচনা হয় । আলোচনা মোতাবেক ২য় কোয়ার্টার প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ৭ জানুয়ারি ২০২১ খ্রি: মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয় ।

<u>সিদ্ধান্ত</u> : ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২য় কোয়ার্টার প্রতিবেদন ৭ জানুয়ারি ২০২১ এর মধ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করা হবে ।

<u>বাস্তবায়নে</u> : শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০২.১৮.৯৮

তারিখ: ১২ পৌষ ১৪২৭
২৭ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব (নিরীক্ষা) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, , ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ।

২) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) অতিরিক্ত মহাপরিচালক, কারিগরি, টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর

৫) উপপরিচালক, অর্থ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর

৬) উপপরিচালক, প্রশাসন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর

৭) উপপরিচালক, আইটিইউ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর

৮) উপপরিচালক, টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর



মোঃ মফিজ উদ্দিন
উপপরিচালক